



২০১১-১২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত
সমাপ্ত প্রকল্পসমূহের মূল্যায়ন প্রতিবেদন

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২০১১-১২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত ১৯৫টি
সমাপ্ত প্রকল্প এর

মূল্যায়ন প্রতিবেদন

মুখবন্ধ

দারিদ্র নিরসন ও জনগনের জীবনযাত্রার মান-উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা যেমন: রূপকল্প-২০২১, প্রেক্ষিত পরিকল্পনা (২০১০-২০২১) এবং পঞ্চবার্ষিক পরিকল্পনার আলোকে প্রতিবছর বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) প্রণয়ন করা হয়। এডিপি বাস্তবায়নের মাধ্যমে খাতভিত্তিক বিভিন্ন লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ যেমন: গ্রামীণ অবকাঠামো উন্নয়ন, কৃষিক্ষেত্রে উন্নয়নের মাধ্যমে খাদ্যে স্বয়ম্ভরতা অর্জন, সবার জন্য স্বাস্থ্য সেবা ও শিক্ষা নিশ্চিতকরন, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, বিদ্যুৎ ও জ্বালানীর সরবরাহ বৃদ্ধি, ডিজিটাল তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক কর্মসূচির প্রসার, স্যানিটেশন ও নিরাপদ পানি সরবরাহ, নারীর ক্ষমতায়ন, অধিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, স্থানীয় সরকার শক্তিশালীকরণ ইত্যাদি অর্জন করা হচ্ছে। ফলে সুশাসন প্রতিষ্ঠা করে দেশের সামষ্টিক স্থিতিশীলতা ও ঈশ্বিত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জিত হচ্ছে।

জাতীয় বাজেটের সামগ্রিক ব্যয়ের প্রায় ৩০% এডিপি'র মাধ্যমে সম্পাদিত হয়। তাই এডিপি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) প্রতিবছর এডিপি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও প্রতিবেদন প্রণয়ন করছে। এডিপি বাস্তবায়ন পর্যালোচনার অংশ হিসেবে প্রতিবছর কয়েকটি গুরুত্বপূর্ণ চলমান প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ ও সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন করা হয়। এছাড়া প্রতি অর্থবছর সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন সম্পাদন করাও এডিপি পর্যালোচনার অংশ।

আইএমইডি প্রতিবছর সমাপ্ত প্রকল্প মূল্যায়ন প্রতিবেদনের সংকলন প্রকাশ করে থাকে। ২০১১-১২ অর্থবছরে ৩৭টি মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক মোট ১৯৭টি প্রকল্প সমাপ্ত ঘোষিত হয়। তন্মধ্যে ১৯৫টি প্রকল্প পরিদর্শনপূর্বক সমাপ্ত প্রকল্প মূল্যায়ন (Terminal Evaluation) প্রতিবেদন প্রণয়ন করে এ সংকলনটি প্রকাশের উদ্যোগ নেয়া হয়েছে। PCR না পাওয়ায় দু'টি প্রকল্পের Terminal Evaluation প্রতিবেদনের পরিবর্তে প্রকল্প দু'টির সংক্ষিপ্ত-সার এ সংকলনে সন্নিবেশিত হয়েছে। উল্লেখ্য ইতোমধ্যে Terminal Evaluation-সমূহ আলাদাভাবে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার নিকট প্রেরণ করা হয়েছে। এ সংকলনে একটি নির্বাহী সার-সংক্ষেপ (Executive Summary) অন্তর্ভুক্ত করে উক্ত অংশে এডিপি'র ১৭ সেক্টরভিত্তিক ও মন্ত্রণালয়/বিভাগভিত্তিক পর্যালোচনা করা হয়েছে। নির্বাহী সার-সংক্ষেপে এডিপি'র আওতায় পরিচালিত সামগ্রিক উন্নয়ন কার্যক্রম সম্পর্কে পর্যালোচনা এবং প্রকল্প বাস্তবায়নকালীন বিভিন্ন সমস্যা চিহ্নিত করে তদপ্রেক্ষিতে সুপারিশ সন্নিবেশিত রয়েছে। সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক উক্ত সুপারিশের আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হলে ভবিষ্যতে প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন বাংলাদেশের সামগ্রিক উন্নয়নে আরও ইতিবাচক ভূমিকা রাখতে পারে।

প্রসঙ্গত: প্রকল্প সমাপ্ত হবার পরবর্তী ৩ (তিন) মাসের মধ্যে Project Completion Report (PCR) প্রণয়ন করে আইএমইডি'তে প্রেরণের নির্দেশনা রয়েছে। প্রতিটি প্রকল্পের PCR পর্যালোচনা এবং প্রকল্প অফিস ও প্রকল্প এলাকা হতে প্রাপ্ত বিভিন্ন তথ্য-উপাত্ত বিশ্লেষণপূর্বক উক্ত প্রকল্পের Terminal Evaluation প্রতিবেদন প্রণয়ন করা হয়। যথাসময়ে Terminal Evaluation প্রতিবেদন প্রণয়ন PCR প্রাপ্তির উপর নির্ভরশীল। তাই PCR যথাসময়ে আইএমইডি'তে প্রেরণের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে আরও যত্নশীল হওয়ার আহবান জানাচ্ছি।

ভবিষ্যতে উন্নয়ন কর্মসূচি গ্রহণকালে এ সংকলনটি সরকার কর্তৃক বাস্তবায়িত উন্নয়ন প্রকল্পসমূহের মধ্যে ২০১১-১২ অর্থবছর সমাপ্ত প্রকল্পসমূহের তথ্য ভান্ডার হিসাবে ব্যবহৃত হতে পারে। এছাড়া বিভিন্ন সরকারী-বেসরকারী উন্নয়ন, শিক্ষা ও গবেষণাধর্মী প্রতিষ্ঠান এবং ব্যক্তিবর্গ কর্তৃক গবেষণার 'সেকেন্ডারী তথ্য' উৎস হিসেবেও ব্যবহৃত হতে পারে। সর্বোপরি, এ সংকলনটি ভবিষ্যতে প্রকল্প প্রণয়নকারী কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন প্রকল্প প্রণয়ন ও প্রাক্কলন নির্ধারণে সহায়ক ভূমিকা রাখতে পারে।

বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের নিরলস পরিশ্রম ও আন্তরিক সহযোগিতায় সমাপ্ত প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। এছাড়া আইএমইডি'তে কর্মরত আমার সহকর্মীদের ঐকান্তিক প্রচেষ্টায় এ সংকলনটি প্রকাশ করা সম্ভব হয়েছে। আইএমইডিসহ সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের তাদের নিরলস পরিশ্রম, সহযোগিতা ও ঐকান্তিক প্রচেষ্টার জন্য আমি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি ও ধন্যবাদ জানাচ্ছি। এ ধরনের সংকলন প্রণয়নে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার আন্তরিক সহযোগিতা ও আইএমইডি'তে কর্মরত আমার সহকর্মীদের ঐকান্তিক প্রচেষ্টা ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে প্রত্যাশা করি।

সমাপ্ত প্রকল্পসমূহের মূল্যায়ন প্রতিবেদনসমূহের সংকলন আরো অর্থবহ এবং এর মানোন্নয়নে যে কোন গঠনমূলক পরামর্শ সাদরে গ্রহণ করা হবে।

তারিখ: ১২ ভাদ্র ১৪২১ বঙ্গাব্দ
২৭ আগস্ট ২০১৪

সুরাইয়া বেগম এনডিসি
সচিব